

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর

প্রশ্ন ব্যাংক (ধাপ-৩)

সেশন : (০১সেপ্টেম্বর/২০ -- ১৫ই সেপ্টেম্বর/২০)

শ্রেণি : নবম(বাংলা ভাষান)

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

অধ্যায় : ১ম ও ৬ষ্ঠ

১.

| সাল | পশ্চিম পাকিস্তানের আয় | পূর্ব পাকিস্তানের আয় |
|-------------|------------------------|-----------------------|
| ১৯৫৫ - ১৯৬০ | ৫০০ কোটি টাকা | ১১৩ কোটি টাকা |
| ১৯৬০ - ১৯৬৫ | ২২,২৩০ মিলিয়ন টাকা | ৬৪৮০ মিলিয়ন টাকা |

- ক) পাকিস্তানি শাসন আমলে বাঙালিদের জাতীয় মুক্তির প্রথম আন্দোলনের নাম কী ? ১
- খ) আইয়ুব সরকার ৬-দফা আন্দোলনকে 'বিচ্ছিন্নতাবাদী' কর্মসূচী হিসাবে আখ্যায়িত করেছেন কেন ? ব্যাখ্যা কর। ২
- গ) ছকে, পাকিস্তানের দুই অংশের মধ্যে কোন বিষয়টি ফুটে উঠেছে ? ব্যাখ্যা কর। ৩
- ঘ) ছকে প্রদর্শিত বৈষম্যের পরিপ্রেক্ষিতে পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের অর্থনৈতিক পরিস্থিতির প্রকৃত অবস্থা মূল্যায়ন কর। ৪

২। ১৯৬৩ সালে মার্টিন লুথার তার বিখ্যাত 'আই হ্যাভ এ ড্রিম' ভাষণটি দেন। ভাষনে তিনি যুক্তরাষ্ট্রের কৃষ্ণাঙ্গদের সমান অধিকারের দাবি তুলে ধরেন। সাম্প্রতিককালে পূর্ব পাকিস্তানের এক নেতা তৎকালীন পাকিস্তানের দুই অংশের মধ্যে সমতা আনার জন্যে লাহোরে একটি দাবি উত্থাপন করেন। দাবিটি পরবর্তীতে বাঙালিদের মুক্তির সনদ হিসাবে বিবেচিত হয়।

- ক) 'আরেক ফাল্গুন' উপন্যাসটি কে রচনা করেন ? ১
- খ) বাঙালি জাতীয়তাবাদ বলতে কী বুঝায় ? ২
- গ) উদ্দীপকে যে দাবিটির কথা বলা হয়েছে তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকের সর্বশেষ বাক্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩। জনাব 'ক' একটি বিভাগের সদস্য। সে বিভাগে তিনি সম্প্রতি দেশের মৎস্য সম্পদের উন্নয়নে কিছু বিধি নিষেধ প্রস্তাব করেন। উপস্থিত সকলের মধ্যে অধিকাংশের সম্মতিতে তার প্রস্তাবটি গৃহীত হয়। ফলে কারেন্ট জালে মাছ ধরার ওপর বিধি নিষেধাজ্ঞা জারি হয়।

- ক) আইনের প্রধান উৎস কী ? ১
- খ) নাগরিকত্ব বলতে কী বুঝায় ? ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকে বর্ণিত আইনের উৎসটি ব্যাখ্যা কর। ৩
- ঘ) উক্ত উৎসটি কী আইনের একমাত্র উৎস ? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৪। 'A' ব্যক্তি সহিংসতা আর সম্রাসী কাজকর্মে জড়িয়ে পড়ে। সে গত সপ্তাহে একটি দলের সাথে জড়িয়ে শাহবাগে গাড়ি ভাঙচুর করে। পুলিশ তাকে গ্রেফতার করতে পারেনি। সে জাতির জন্যে হুমকী হয়ে পড়েছে।

- ক) দেশের ভৌগোলিক অখণ্ডতা রক্ষা করা রাষ্ট্রের কোন ধরনের কাজ ? ১
- খ) সিটি কর্পোরেশনকে স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বলা হয় কেন ? ব্যাখ্যা কর। ২
- গ) 'A'কে গ্রেফতার করা রাষ্ট্রের কোন ধরনের কাজের মধ্যে পড়ে ? ব্যাখ্যা দাও। ৩
- ঘ) রাষ্ট্র কে গ্রেফতার করার দায়িত্ব নাও নিতে পারে। তমি কী এই বক্তব্যে সাথে একমত ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪
- ৫। 'ক' রাষ্ট্রের রসুলপুর গ্রাম। উক্ত গ্রামের লোকজন তেমন শিক্ষিত নন। কিন্তু তারা নিজের সম্ভানের ভবিষ্যতের কথা চিন্তা করে সরকার প্রদত্ত স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে টিকা দেন এবং সম্ভানদেরকে নিয়মিত স্কুলে পাঠান।

- ক) নাগরিক কাকে বলে ? ১
- খ) জনসমষ্টিকে রাষ্ট্রের প্রাথমিক উপাদান বলা হয় কেন ? ব্যাখ্যা কর। ২
- গ) রসুলপুর গ্রামের লোকজনের কর্মকাণ্ডের সাথে পাঠ্যবইয়ের কোন ধারনার মিল পাওয়া যায় ? ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকে জনাব 'ক' এর যে ধরনের কাজের প্রতিফলন ঘটেছে তা তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪